গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কিশোরগঞ্জ, নীলফামারী
www.acland.kishorganj.nilphamari.gov.bd

স্মারক নম্বর : ৩১.০২.৭৩৪৫.০০০.০২.০১৭.২৪- ৪৯৫ তারিখ : ২৬ মে ২০২৪ খ্রিঃ।

দরপত্র (কোটেশন) বিজ্ঞপ্তি

উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ, নীলফামারী এর অনুকূলে ইউনিয়ন ভূমি অফিসের জন্য নিম্নবর্ণিত আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত প্রকৃত সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

মালামালের বিবরণ

ক্রঃনং	মালামালের বিবরণ	একক	পরিমান	মন্তব্য
০১.	কুশন চেয়ার (হাতলওয়ালা)	সংখ্যা	০৯ (নয়) টি	
০২.	প্লাস্টিক চেয়ার (হাতলওয়ালা)	সংখ্যা	১৮ (আঠারো) টি	
০৩.	আলমারী (স্টীল)	সংখ্যা	০২ (দুই) টি	
০৪.	র‍্যাক	সংখ্যা	০৬ (ছয়) টি	

শর্তাবলী :

০১। উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ, নীলফামারী এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

০২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

০৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

০৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ৩০-০৫-২০২৪ তারিখ দুপুর ১.০০ ঘটিকায় বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে " ইউনিয়ন ভূমি অফিসে ব্যবহারের জন্য আসবাবপত্র " এর জন্য কোটেশন এবং ৩০-০৫-২০২৪ তারিখ দুপুর ১.০০ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

০৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

০৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

(চলমান – ২)

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মুল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মুল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মুল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ০৫(পাঁচ) দিনের মধ্যে বর্ণিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। প্রচলিত হারে আয়কর, ভ্যাট ইত্যাদি কর্তন পূর্বক উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী এর অনুকুলে বিলের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এক্ষেত্রে বর্ণিত মালামাল সরবরাহ করে ০৩(তিন)কপি চালান ও বিল (মূলকপি) দাখিল করতে হবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

24/05/2016

মোঃ মঈন খান এলিস
সহকারী কমিশনার (ভূমি)
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোন নম্বর : ০২৫৮৯৯৬০১০৫
E-mail: aclandkishorganj@gmail.com

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নীলফামারী।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। জনাব . . . . , সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৫। কম্পিউটার অপারেটর, উপজেলা ভূমি অফিস, কিশোরগঞ্জ, নীলফামারী। ওয়েবসাইটে প্রকাশের জন্য।
০৬। নোটিশ বোর্ড।
০৭। অফিস নথি।